

“শেখ হাসিনার উদ্যোগ, ঘরে ঘরে বিদ্যুৎ”
বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
কেন্দ্রীয় সচিবালয়
ওয়াপদা ভবন (২য় তলা), মতিঝিল, ঢাকা
www.bpdb.gov.bd



জরুরি

নম্বর: ২৭.১১.০০০০.১০১.৩৭.০১২.২০-৪৪৪

তারিখ: ০৭ অগ্রহায়ণ ১৪২৭
২২ নভেম্বর ২০২০

অফিস আদেশ


কোভিড-১৯ এর সংক্রমণ রোধে অন্যান্য পদক্ষেপের পাশাপাশি ধর্মীয় উপাসনালয়ে মাস্ক পরিধানের বাধ্যবাধকতা আরোপ করে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় হতে বিভিন্ন সময়ে বিজ্ঞপ্তি জারি করা হয়। ইদানিং গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করা যাচ্ছে যে, সারাদেশে বিশেষ করে মসজিদ, মন্দির, গির্জাসহ অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানে মাস্ক ব্যবহারে শৈথিল্য পরিলক্ষিত হচ্ছে। সম্ভাব্য দ্বিতীয় ঢেউয়ে কোভিড-১৯ সংক্রমণ পরিস্থিতিতে ধর্মীয় প্রতিষ্ঠানসহ সকল ক্ষেত্রে মাস্ক পরিধান নিশ্চিত করার নিমিত্ত সরকারের নির্দেশনা রয়েছে।

২। এ বিষয়ে সরকারের ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, সমন্বয় শাখার ০৮ নভেম্বর ২০২০ তারিখের বিজ্ঞপ্তি নম্বর: ১৬.০০.০০০০.০২১.১৬.০০২.২০-৩৪০ মোতাবেক কোভিড-১৯ (দ্বিতীয় পর্যায়) এর বিস্তার মোকাবেলায় মাস্ক পরিধান নিশ্চিতকরণের লক্ষ্যে কতিপয় নির্দেশনা প্রদান করা হয়েছে। সে প্রেক্ষিতে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের সকল মসজিদ, মন্দির, গির্জাসহ অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানে পূর্বের ধারাবাহিকতায় নিম্নরূপ নির্দেশনা জারি করা হল:

- মসজিদে সকল মুসল্লীর মাস্ক পরিধান নিশ্চিত করতে হবে। প্রতি ওয়াক্ত নামাজের পূর্বে আবশ্যিকভাবে মাস্ক পরিধান করে প্রবেশের জন্য মসজিদের মাইকে প্রচারণা চালাতে হবে। এ বিষয়ে মসজিদের ফটকে ব্যানার প্রদর্শন করতে হবে। বিষয়টি মসজিদ কমিটি নিশ্চিত করবেন।
- হিন্দু, বৌদ্ধ, খ্রিস্টানসহ অন্যান্য ধর্মের অনুসারিরা আবশ্যিকভাবে মাস্ক পরে উপাসনালয়ে প্রবেশ করবেন। মাস্ক পরে উপাসনালয়ে প্রবেশের জন্য প্রধান ফটকে ব্যানার প্রদর্শনের বিষয়টি সংশ্লিষ্ট উপাসনালয় কমিটি নিশ্চিত করবেন;
- “নো মাস্ক নো সার্ভিস” বিষয়ে সর্বসাধারণকে বিশেষভাবে সচেতন করার জন্য ব্যাপক প্রচারণা চালাতে হবে। স্লোগানটি বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের সকল বিদ্যুৎ কেন্দ্র/বিতরণ অঞ্চল/দপ্তর/পরিদপ্তর/প্রকল্প অফিস ও স্থাপনাসমূহের উন্মুক্ত স্থানে পোস্টার/ডিজিটাল প্রদর্শনীর ব্যবস্থা রাখতে হবে;
- কিছুক্ষণ পরপর সাবান পানি দিয়ে হাত ধোয়াসহ স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক জারিকৃত স্বাস্থ্যবিধি অনুসরণ ও সামাজিক দূরত্ব মেনে চলতে হবে।

৩। বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের সকল মসজিদ ও অন্যান্য ধর্মীয় উপাসনালয়ে মাইক থেকে নিয়মিতভাবে উপরে বর্ণিত ঘোষণাসমূহ আবশ্যিকভাবে প্রচার অব্যাহত রাখার জন্য স্থানীয় কর্তৃপক্ষ এবং সংশ্লিষ্ট মসজিদ ও উপাসনালয়ের পরিচালনা কমিটিকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৪। এটি অবিলম্বে কার্যকর হবে।


২২/১১/২০

(সাইফুল ইসলাম আজাদ)

সচিব

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা

☎: ০২-৯৫৫৪২০৯

Secretary@bpdb.gov.bd

নম্বর: ২৭.১১.০০০০.১০১.৩৭.০১২.২০-৪৪৪

তারিখ: ০৭ অগ্রহায়ণ ১৪২৭
২২ নভেম্বর ২০২০

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ২। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়/বিদ্যুৎ বিভাগ/স্বাস্থ্য সেবা বিভাগ/ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সদস্য, প্রশাসন/অর্থ/পরিকল্পনা ও উন্নয়ন/উৎপাদন/কোম্পানি অ্যাফেয়ার্স/বিতরণ, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা।
- ৪। সকল প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী/প্রকল্প পরিচালক (প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী)/মহাব্যবস্থাপক/নিয়ন্ত্রক (হিসাব ও অর্থ)/প্রধান চিকিৎসা কর্মকর্তা, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।
- ৫। মাননীয় প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টার একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৬। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। চীফ স্টাফ অফিসার টু চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। সকল পরিচালক/ব্যবস্থাপক/তত্ত্বাবধায়ক প্রকৌশলী/প্রকল্প পরিচালক/অতিরিক্ত পরিচালক, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।
- ৯। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেন্টার, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা(অফিস স্মারকটি ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ১০। সকল উপসচিব/নির্বাহী প্রকৌশলী/উপ-পরিচালক/আবাসিক প্রকৌশলী, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।
- ১১। অফিস কপি।


২২/১১/২০

(মোঃ রানা ইকবাল)

উপসচিব (সংস্থাপন)

☎: ০২-৯৫৫০৫২৩